

শাবিতে উপাচার্যের বিরুদ্ধে আন্দোলন 'ছাত্রলীগের' পাল্টা অবস্থান সংকট নিরসনে মন্ত্রীর চিঠি

সিলেট অফিস >

আওয়ামী-লীগ সমর্থক শিক্ষকদের একাংশের উপাচার্যবিরোধী চলমান আন্দোলনের বিপক্ষে সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে ছাত্রলীগ এত দিন বিভিন্ন কর্মসূচি পালন করলেও গতকাল মঙ্গলবার প্রথমবারের মতো তারা আন্দোলনকারীদের নামে পাল্টা অবস্থান কর্মসূচি পালন করেছে।

একই দিন উপাচার্যকে নিয়ে সৃষ্ট সংকট নিরসনের আহ্বান জানিয়ে শিক্ষক সমিতির চিঠি দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। নূর পূর্বঘোষণা অনুযায়ী গতকাল সকাল সাড়ে ৮টায় আন্দোলনের নবম দিনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডবনে অবস্থান কর্মসূচি শুরু করেন আন্দোলনরত শিক্ষকরা। সকাল ১০টার দিকে সেখানেই ছাত্রলীগের নেতাকর্মী জড়ো হতে থাকে। পরে তারা আন্দোলনকারী শিক্ষকদের পাশে অবস্থান করে। এ ঘটনায় ক্যাম্পাসে কিছু সময়ের জন্য উত্তেজনা বিরাজ করছিল।

সকাল সাড়ে ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি নিরসন বিষয়ে শিক্ষক সমিতির

সভাপতি অধ্যাপক ড. কবির হোসেনের আশ্বাসে সাধারণ শিক্ষার্থীরা তাদের অবস্থান থেকে সরে আসেন। এই শিক্ষার্থীরা জানায়, তারা আশা করে শিক্ষকরা তাঁদের অযৌক্তিক আন্দোলন থেকে সরে এসে ক্যাম্পাসের সার্বিক পরিবেশ সুস্থভাবে বজায় রাখবেন।

শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক কবির হোসেন বলেন, 'সার্বিকভাবে বিশ্ববিদ্যালয় ভালো নেই। বিশ্ববিদ্যালয়ে কোনো কিছুই ভালোভাবে চলছে না। দু'চিন্তায় আমি নিজেও 'ক্লাস নিতে পারছি না। বিশ্ববিদ্যালয় ক্ষতিগ্রস্ত হচ্ছে। আন্দোলনরত শিক্ষকদের সংগঠনের আহ্বায়ক অধ্যাপক ড. সৈয়দ নানসুল আলম বলেন, 'কোনো এক জায়গার নিয়ন্ত্রণে শিক্ষার্থীরা আন্দোলনে নেমেছে। তবে তাদের মধ্যে সবাই শাবির শিক্ষার্থী নয় বলে মনে করেন তিনি।

এদিকে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. কবির হোসেনের পাঠানো এক চিঠির জবাব দিয়ে শিক্ষামন্ত্রীর পাঠানো চিঠিতে সংকট সমাধানে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়েছে।